(একই নম্বর স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন শাখা-৪
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৫.৩২.২৩০.১২.১৯৮

তারিখঃ ৩০ আশ্বিন, ১৪৩৩ / ১৫ অক্টোবর, ২০২৬

বিষয়: জনাব বিপ্লব সেন, অফিস সহায়ক-এর অভিযোগের বিষয়ে সতর্কীকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বয় শাখায় কর্মরত জনাব বিপ্লব সেন, অফিস সহায়ক-এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে গত ০৫/০৩/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। উক্ত নোটিশের পরিপ্রেক্ষিতে তিনি গত ২৩/০৪/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে লিখিত জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাব পর্যালোচনান্তে তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো।

০২। এমতাবস্থায়, ভবিষ্যতে এ ধরনের অভিযোগের পুনরাবৃত্তি না করার জন্য তাকে নির্দেশক্রমে সতর্ক করা যাচ্ছে। অন্যথায়, অভিযোগের প্রকৃতি ও প্রমাণের ভিত্তিতে তার বিরুদ্ধে *সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮* এবং প্রযোজ্য বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। একই সঙ্গে তাকে *সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯*-এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫/১০/২৬
(মোসা: মেহেরুন্নেছা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২২২১৬৬৭১

বিপ্লব সেন
অফিস সহায়ক
সমন্বয় শাখা
পরিকল্পনা বিভাগ, ঢাকা

নং-২০.০০.০০০০.৩০৫.৩২.২৩০.১২.১৯৮(০৪)

তারিখঃ ৩০ আশ্বিন, ১৪৩৩ / ১৫ অক্টোবর, ২০২৬

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপসচিব, সমন্বয় অধিশাখা, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪। সংশ্লিষ্ট নথি।

১৫/১০/২৬
(মোসা: মেহেরুন্নেছা)
সিনিয়র সহকারী সচিব

D:\Departmental Procedure\Biplob Sen\Order..Docx